# আল-ইনফিতার | Al-Infitar | ٱلْإِنْفِطَار

আয়াতঃ ৮২ : ৪

## আরবি মূল আয়াত:

وَ اِذَا الْقُبُوْرُ بُعْثِرَتْ ﴿۴﴾

## অনুবাদসমূহ:

আর যখন কবরগুলো উন্মোচিত হবে। — আল-বায়ান

যখন কবরস্থ মানুষদেরকে উঠানো হবে, — তাইসিরুল

এবং যখন কাবরসমূহ সমুত্থিত হবে; — মুজিবুর রহমান

And when the [contents of] graves are scattered, — Sahih International

৪. আর যখন কবরসমূহ উন্মোচিত হবে(১),

(১) প্রথম তিনটি আয়াতে কিয়ামতের প্রথম পর্বের উল্লেখ করা হয়েছে এবং এই আয়াতে দ্বিতীয় পর্বের কথা বলা হয়েছে। কবর খুলে ফেলার মানে হচ্ছে, তা খুলে তা থেকে মানুষকে আবার নতুন করে জীবিত করে উঠানো। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৪। এবং যখন কবরসমূহ উন্মোচিত হবে; [1]

[1] অর্থাৎ, কবর থেকে মৃতরা জীবন্ত হয়ে বাইরে বেরিয়ে আসবে। بُعْثِرَتْ এর অর্থ হল, উৎপাটিত হবে অথবা তার মাটিকে উলট-পালট করে দেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5833

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন